**কৃষিই সমৃদ্ধি**

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**গাজীপুর-১৭০১**

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.২৫৮.২০.২০১৭ তারিখ: ৩১/১০/২০২৩

**অফিস আদেশ**

যেহেতু, জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর-কে ইনস্টিটিউটের স্মারক নং-বারি/প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/১৭১৭; তারিখঃ১৪-০৮-২০১৪ মোতাবেক ১৪-০৮-২০১৪ হতে ১৩-০৮-২০১৮ পর্যন্ত ০৪ (চার) বছর Michigan State University, USA-তে পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য ছুটি (প্রেষণাদেশ) মঞ্জুর করা হয়। কিন্তু তিনি অধ্যয়ন ছুটি (প্রেষণাদেশ) শেষে ১৪-০৮-২০১৮ তারিখ হতে অদ্যবধি কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে অনুপস্থিত থাকায়, ইনস্টিটিউটের স্মারক নং-বারি/প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/৯২৮২; তারিখঃ১০-০১-২০১৯, বারি/প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/১৩৫৭; তারিখঃ ০২-০৯-২০২০ এবং বারি/ প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/১৭৫২; তারিখঃ১৩-০৯-২০২০ মোতাবেক কর্মস্থলে যোগদান করার জন্য ০৩ (তিন)টি তাগিদ পত্র প্রেরণ করা হয়। কিন্তু তিনি কর্তৃপক্ষের নির্দেশনা উপেক্ষা করে ১৪-০৮-২০১৮ তারিখ হতে অদ্যবধি কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে অনুপস্থিত থাকায় এবং ইনস্টিটিউটের স্মারক নং-বারি/প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/১৭১৭; তারিখঃ১৪-০৮-২০১৪ মোতাবেক মঞ্জুরকৃত প্রেষণাদেশ ও অঙ্গিকারনামা (বন্ড) এর শর্তানুযায়ী প্রতি ০৬ (ছয়) মাস অন্তর অন্তর গবেষণা প্রতিবেদন দাখিল না করায় ইনস্টিটিউটের স্মারক নং-বারি/প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/১০২৬০; তারিখঃ ০৯-০২-২০১৭ এবং স্মারক নং-বারি/প্র.ওযো./প-১০৫/পিএইচডি/২০১৪/১৪৭৯৩; তারিখঃ ২১-০৬-২০১৭ মোতাবেক ১ম ও ২য় তাগিদ পত্র প্রেরণ করা হয়। কিন্তু আপনি প্রেষণাদেশের শর্ত এবং কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কোন প্রকার গবেষণা প্রতিবেদন দাখিল না করায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) ও (গ) উপ-প্রবিধি অনুযায়ী **"দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন"** এর অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.২৫৮.২০-৪৭০৮ তারিখঃ ১২-০১-২০২১ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ (মামলা নং-৩৯৪/২০) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) অভিযোগ বিবরনী জারি করা হয়;

যেহেতু, জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা না করায় বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০,০০৫.২৭.২৫৮.২০.১০৫১ তারিখঃ ০৫-০৯-২০২১ মোতাবেক জন্য ড. মো. আবদুল মোনায়েম মিয়া BARI0213, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি অর্থনীতি বিভাগ, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত.প্রতিবেদনে জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) ও (গ) উপ-প্রবিধি অনুযায়ী "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৮ এর ১ (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ২৫-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৪তম বোর্ড সভায় জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে **"দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন"** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে **''বরখাস্ত''** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩১.১০.২৩

(ড. দেবাশীষ সরকার)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৪৯২৭০০০০

**রেজি./এডিঃ**- মো. ওয়াহিদুজ্জামান আকন (BARI0413)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর

**রেজি./এডিঃ**- মো. ওয়াহিদুজ্জামান আকন
পিতা- মো. আবুল কালাম আকন
গ্রাম: আরামকাঠী, ডাকঘর: শান্তির হাট,
উপজেলা: নেছারাবাদ (স্বরুপকাঠী), জেলা: পিরোজপুর।

অনুলিপিঃ-

১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন/উদ্যানতত্ত্ব), বারি, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (বারি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর
৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, জয়দেবপুর, গাজীপুর
৫। মো. ওয়াহিদুজ্জামান আকন BARI0413, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর
৬। মো. ওয়াহিদুজ্জামান আকন, পিতা- মো. আবুল কালাম আকন, গ্রাম: আরামকাঠী, ডাকঘর: শান্তিরহাট, উপজেলা: নেছারাবাদ (স্বরুপকাঠী), জেলা: পিরোজপুর
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮। এসিআর সেল/কম্পিউটার সেল, প্রশাসন শাখা, বারি, গাজীপুর
৯। মাস্টার ফাইল/ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।